

# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 06 May, 2025

বিনাইদহের মহেশপুর সীমান্ত দিয়ে অবৈধ ভাবে ভারতে যাওয়ার সময় নারী ও শিশুসহ ১৯ জনকে আটক করেছে বিজিবি। সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত উপজেলার খোশালপুর ও সামন্তা এলাকা থেকে তাদের আটক করা হয়।

সোমবার সন্ধ্যায় খালিশপুর ৫৮ বিজিবির সহকারী পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম স্বাক্ষরিত পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজিবি জানায়, মহেশপুরের কয়েকটি সীমান্ত দিয়ে কিছু বাংলাদেশী অবৈধভাবে ভারতে যাওয়ার চেষ্টা করছে এমন সংবাদের ভিত্তিতে সীমান্ত এলাকায় অভিযান চালায় তারা।

সেসময় খোশালপুর সীমান্তের মাইলবাড়িয়া গ্রাম থেকে নারী ও শিশুসহ ৮ জন, সামন্তা সীমান্তের রুলি গ্রামের মোমিনতলা মোড় এলাকা থেকে ৮ জন ও আনন্দ বাজার গ্রাম থেকে ৩ বাংলাদেশী নারীকে আটক করা হয়। পরে বিজিবির পক্ষ থেকে মামলা দায়ের করে আসামীদের মহেশপুর থানায় সোপর্দ করা হয়েছে। তাদের বাড়ী রাজবাড়ী, সাতক্ষীরা, নড়াইল, বাগেরহাট জেলার বিভিন্ন গ্রামে।

বিনাইদহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:14

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/7758072009>